



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ৩৭/ক/স্বী/৯৯(অংশ-১)/৮৮৬

তারিখ: ২১/১০/২০১৯

বিষয়: ঢাকা মহানগরীর রমনা থানাধীন উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজের ন্যাশনাল কারিকুলামের অন্তর্গত নবম-দশম শ্রেণি স্কুল শাখায় ফেরত প্রদান এবং কতিপয় অনিয়ম সম্পর্কিত।


সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.২২০, তারিখ: ১৮/০৯/২০১৮

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর রমনা থানাধীন উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজের সিনিয়র শিক্ষক ও সাবেক শিক্ষক প্রতিনিধি জনাব মো: আব্দুল মালেক-এর অভিযোগের প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার, ঢাকা তদন্ত করেন। তদন্তে উক্ত প্রতিষ্ঠানের নিম্নলিখিত অসংগতি পরিলক্ষিত হয়:

১. উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/স্কুল এন্ড কলেজের মত এই প্রতিষ্ঠান প্রধানের পদ শূন্য থাকলেও ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব বিধি মোতাবেক প্রদান করা হয়নি।
২. পদোন্নতির বিধান না থাকলেও অনিয়মতান্ত্রিকভাবে সহকারী শিক্ষক পদ হতে প্রভাষক পদে, প্রভাষক পদ হতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং পদোন্নতি প্রাপ্ত পদের নির্ধারিত ও প্রাপ্য বেতন স্কেলের অনেক উপরের স্কেলে বেতন ভাতা প্রদান করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি সাধিত হচ্ছে।
৩. সৃষ্ট/অনুমোদিত পদ, প্রয়োজনীয় শিক্ষার্থী ও শিক্ষকগণের কাম্য যোগ্যতা না থাকা সত্ত্বেও কোন প্রকার নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ পরীক্ষা গ্রহণ ছাড়াই জনবল কাঠামোর বাহিরে অপ্রয়োজনীয় অনেক শিক্ষক কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে।
৪. জনবল কাঠামোতে নেই এমন অনেক পদের নাম ব্যবহার করে বিভিন্ন জনকে দায়িত্ব প্রদান এবং বড় অংকের বেতন ভাতা প্রদান করে প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি সাধন করা হয়েছে।
৫. সরকারি বিধি বিধান অনুসরণ না করে সহকারী প্রধান শিক্ষকের নির্ধারিত পদে কাম্য যোগ্যতা ও অভিজ্ঞতা নাই এমন শিক্ষককে শাখা প্রধান নামে পদায়ন করা হয়েছে।
৬. অপ্রয়োজনে এবং কতিপয় ব্যক্তির স্বার্থ রক্ষার্থে অতিরিক্ত ২(দুই) জনকে শাখা প্রধান পদে ও ১(এক) জনকে কোঅর্ডিনেটর পদে পদায়ন করে বাড়তি আর্থিক সুবিধা প্রদান করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি সাধন করা সহ তহবিল সংগ্রহে অভিভাবকদের উপর বাড়তি আর্থিক চাপ প্রয়োগ করা হচ্ছে।
৭. প্রভাষক পদ হতে সহকারী শিক্ষক পদে যোগদান এবং সহকারী প্রধান শিক্ষক পদে কর্মরত অবস্থায় জনাব মো: মসিউর রহমান কে কলেজ শাখায় প্রভাষক পদে এমপিও ভুক্ত করা হয়েছে।
৮. প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা প্রদানের বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.১২(অংশ-২)/১৫৭, তারিখ: ০৯/০৮/২০১৬ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ নয়।

এমতাবস্থায়, বিধি বিধান পরিপন্থি স্তর বিভাজন বন্ধ করে এন্ট্রি শ্রেণি হতে ১০ম শ্রেণি (ন্যাশনাল কারিকুলাম) পর্যন্ত স্কুল শাখায় ফেরত প্রদান করে বিষয়ভিত্তিক শিক্ষকগণকে পাঠদান করার সুযোগ প্রদান, একাডেমিক কার্যক্রম সহকারী প্রধান শিক্ষকগণের তত্ত্বাবধানে পরিচালনার বিষয়টি নিশ্চিত করা, অনিয়মতান্ত্রিক নিয়োগ ও দায়িত্ব প্রদান বন্ধ এবং সরকারি বিধি অনুসরণ করে জরুরি ভিত্তিতে অধ্যক্ষের শূন্য পদ পূরণ, উপরোক্ত অনিয়মসমূহের ব্যাখ্যা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবগতের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি

উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ (১০৮৩৫৯)

রমনা, ঢাকা